



রেজিস্ট্রার

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ।



স্মারক নং- বশেমুরবিপ্রবি/২০২০/জ.প্র/১৮৬/২০০২(২)

তারিখ : ১৬ কার্তিক ১৪২৭
০১ নভেম্বর ২০২০

নিয়োগ আদেশ

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের রিজেন্ট বোর্ডের ১ম সভার সিদ্ধান্ত নং-০৬(খ) এবং অত্র বিশ্ববিদ্যালয় আইন ২০০১-এর ১১(০৯) ধারার প্রদত্ত ক্ষমতাবলে খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন রেজিস্ট্রার জনাব মো: আব্দুর রউফ-কে তাঁর ২২/১০/২০২০ খ্রি. তারিখের আবেদনের প্রেক্ষিতে নিম্নলিখিত শর্তে অত্র বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (চুক্তিভিত্তিক) হিসেবে নিয়োগ প্রদান করা হলো। এ নিয়োগ আদেশ তাঁর যোগদানের তারিখ থেকে কার্যকর হবে।

শর্তাবলী :

১. তাঁর এ চুক্তিভিত্তিক নিয়োগের মেয়াদ প্রাথমিকভাবে ০৬(ছয়) মাস হবে। তবে দাশুটিক কাজকর্ম কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক প্রতীয়মান হলে পরবর্তীতে চুক্তির মেয়াদ বৃদ্ধি করা হবে।
২. তাঁর মূল বেতন (Basic Pay) খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় হতে সর্বশেষ প্রাপ্ত বেতনের প্রত্যয়নপত্র (Last Pay Certificate) অনুযায়ী নির্ধারণ করা হবে। এছাড়াও বিধি মোতাবেক অন্যান্য আর্থিক সুবিধাদি প্রাপ্ত হবেন।
৩. তিনি এ বিশ্ববিদ্যালয়ের দাশুটিক কাজসহ অন্যান্য কাজ সম্পাদনের জন্য বিধি মোতাবেক গাড়ি ব্যবহারের সুবিধা প্রাপ্ত হবেন।
৪. তিনি বিশ্ববিদ্যালয়ের আবাসিক কর্মকর্তা হিসেবে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সার্বক্ষণিক অবস্থান করবেন।
৫. চুক্তির মেয়াদ শেষ হওয়ার পূর্বে তিনি তাঁর চাকুরি হতে অব্যাহতি চাইলে তাঁকে কমপক্ষে ০১ (এক) মাস পূর্বে লিখিত আবেদনের মাধ্যমে কর্তৃপক্ষকে অবহিত করতে হবে। অন্যথায় তাঁকে ০১ (এক) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ বিশ্ববিদ্যালয়ের অনুকূলে ফেরৎ প্রদান করতে বাধ্য থাকবেন।
৬. অনুরূপভাবে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তাঁকে চাকুরি হতে অব্যাহতি প্রদানের ইচ্ছা করলে কমপক্ষে ০১ (এক) মাস পূর্বে তাঁকে জানাতে হবে।
৭. যোগদানপত্রের সাথে তাঁর শারীরিক ও মানসিক সুস্থতার স্বপক্ষে গোপালগঞ্জ জেলার সিভিল সার্জন-এর নিকট হতে প্রাপ্ত মেডিকেল সার্টিফিকেট দাখিল করতে হবে।
৮. এ বিশ্ববিদ্যালয়ের চাকুরি সম্পর্কিত যে সকল শর্ত বা আইন বলবৎ আছে এবং সময়ে সময়ে যে সকল শর্ত রিজেন্ট বোর্ড ও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক প্রণীত হবে তা তাঁর জন্যও প্রযোজ্য হবে।
৯. বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ যে কোন সময়ে এ নিয়োগ আদেশ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

উপরোক্ত শর্তাবলীর আলোকে তাঁকে আগামী ০১/১২/২০২০ খ্রি. তারিখের মধ্যে এ বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর মহোদয় বরাবর যোগদানপত্র দাখিল করার জন্য অনুরোধ করা যাচ্ছে। নির্ধারিত তারিখের মধ্যে যোগদান করতে ব্যর্থ হলে এ নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

(খান মোহাম্মদ আলী)
উপ-রেজিস্ট্রার

জনাব মো: আব্দুর রউফ
প্রাক্তন রেজিস্ট্রার
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, খুলনা।

স্মারক নং- বশেমুরবিপ্রবি/২০২০/জ.প্র/১৮৬/২০০২(২)

তারিখ : ১৬ কার্তিক ১৪২৭
০১ নভেম্বর ২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১.-০৭. ডিন, ইঞ্জিনিয়ারিং/বিজ্ঞান/ জীব বিজ্ঞান / বিজনেস স্টাডিজ/ সামাজিক বিজ্ঞান /মানবিকী/ আইন অনুষদ, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
- ০৮.-০৯. পরিচালক, বঙ্গবন্ধু ইন্সটিটিউট অব লিবারেশন ওয়ার এন্ড বাংলাদেশ স্টাডিজ/শেখ হাসিনা কৃষি ইন্সটিটিউট, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
- ১০.-৪৩. চেয়ারম্যান, সিএসই/ইইই/ইটিই/এসিসিই/সিই/এফএই/আর্কিটেকচার/গণিত/পরিসংখ্যান/রসায়ন/পদার্থবিজ্ঞান/ইএসডি/ফার্মেসী/বিজিই/বিএমবি/মনোবিজ্ঞান/বোটানী/কৃষি/এফএমবি/এলভিএম/এমএস/এআইএস/মার্কেটিং/এফবি/টিএইচএম/অর্থনীতি/সমাজবিজ্ঞান/লোক-প্রশাসন/আইআর/রাষ্ট্রবিজ্ঞান/ইংরেজি/বাংলা/ক্লিনিক্যাল/আইন বিভাগ, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
৪৪. গ্রন্থাগারিক (ভারপ্রাপ্ত), বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
৪৫. প্রক্টর, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
৪৬. পরিচালক (ভারপ্রাপ্ত), পরিকল্পনা উন্নয়ন ও ওয়ার্কস, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
৪৭. পরীক্ষা নিয়ন্ত্রক, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
৪৮. প্রধান প্রকৌশলী, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
- ৪৯.-৫২. প্রভোস্ট, বিজয় দিবস/স্বাধীনতা দিবস/বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব/নতুন ছাত্রী হল, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
৫৩. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, গেস্ট হাউজ ও ডরমিটরি, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
৫৪. উপ-পরিচালক, অর্থ ও হিসাব দপ্তর, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
৫৫. পরিবহন প্রশাসক, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
৫৬. জনসংযোগ কর্মকর্তা, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
৫৭. প্রোগ্রামার, আইসিটি সেল, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
৫৮. মেডিকেল অফিসার, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
৫৯. ফিজিক্যাল ইন্সট্রাক্টর, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
৬০. পিএস টু ভাইস-চ্যান্সেলর, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের জ্ঞাতার্থে)।
৬১. ইমাম, কেন্দ্রীয় মসজিদ, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
৬২. এস্টেট কর্মকর্তা, রেজিস্ট্রার দপ্তর, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
৬৩. সহকারী নিরাপত্তা কর্মকর্তা, রেজিস্ট্রার দপ্তর, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
৬৪. সংশ্লিষ্ট নথি/অফিস নথি।